

ভাগ - বড় বড় টুকরোয় ভেঙে নিয়ে

$$306 \div 9 = 34$$

$$\begin{array}{r} 9 \overline{) 306} \\ \underline{180} \quad (20 \times 9) \\ 126 \\ \underline{90} \quad (10 \times 9) \\ 36 \\ \underline{36} \quad (4 \times 9) \\ 0 \end{array}$$

- ◆ প্রথমে লেখো কত দিয়ে কাকে ভাগ করতে হবে।
- ◆ তার পরে 9-এর গুণীতকগুলিকে বিয়োগ করতে থাকো, এবং দেখো 306-র মধ্যে কতগুলো 9 আছে।
- ◆ 306 থেকে 180 (যেটা হল 20×9) বিয়োগ করলে হয় 126, 126 থেকে 90 (যেটা হল 10×9) বিয়োগ করলে হয় 36, 36 থেকে 36 (যেটা হল 4×9) বিয়োগ করলে হয় 0।
- ◆ শেষে যোগ করে দেখো তুমি 306-র মধ্যে কতগুলো 9 পেলে। দেখা যাবে 34-টি 9 আছে।
- ◆ স্বতরাং 306-কে 9 দিয়ে ভাগ করলে থাকে 34।